

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ৫২১.২০১৭- ২৩৪২

তারিখ ১৭ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ রীট পিটিশন নং-১৫৮৪৬/২০১৭ [পিটিশনার মোঃ কামরুজ্জামান (বাবুল), পিতা-মৃত রমিজ উদ্দিন রাঢ়ী, গ্রাম-খোলাগাঁও, উপজেলা-টংগীবাড়ী জেলা-মুন্সীগঞ্জ ও অপর ১ জন বনাম সরকার ও অন্যান্য] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ২৭.১১.২০১৭ খ্রিঃ তারিখে প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১২ ও ১৩ ধারা অনুসারে মুন্সীগঞ্জ জেলার টংগীবাড়ী উপজেলার ১০নং পাঁচগাঁও ইউনিয়নের ৮নং কুকুরাদি ও ৯নং গারুরগাঁও ওয়ার্ডের সীমানা পুনঃ নির্ধারণ সংক্রান্ত ২৪.০৮.২০১৭ তারিখের স্মারক নং-০৫.৩০.৫৯৯৪.০০৩.০৩৫.১৭-৪৭২নং প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে রীট সচিব মহোদয়সহ ১৪ (চৌদ্দ) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অশেষ তর্কিত প্রজ্ঞাপন কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত প্রজ্ঞাপনটি আদেশের তারিখ থেকে পরবর্তী ৪ (চার) মাসের জন্য স্থগিত করেছেন। রীট পিটিশন নং ১৫৮৪৬/২০১৭ এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব, প্রতিপক্ষ ও বক্তব্য ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২ (দুই) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তি : ----- ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

☎ ৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
মুন্সীগঞ্জ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি।